**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ২৬ পৌষ, ১৪২৪
০৯ জানুয়ারি, ২০১৮

# বিজ্ঞপ্তি

## বিএসইসি নির্দেশনা সংক্রান্ত

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রকাশিত নির্দেশনার ধারাবাহিকতায় ২৮ ডিসেম্বর ২০১৭ তারিখের নির্দেশনা নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ কর্পোরেশনের সংশ্লিষ্ট সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/শাখা/সাবসিডিয়ারি কোম্পানিসমূহের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**(রুখসানা ইয়াসমিন)**
সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ :

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

**Bangladesh Securities and Exchange Commission**
Securities Commission Bhaban
E-6/C Agargaon
Shere-E-Bangla Nagar Administrative Area
Dhaka-1207, Bangladesh

No. BSEC/CMRRCD/2009-193/62 December 28, 2017

Subject: Directive No. BSEC/CMRRCD/2009-193/203 dated December 28, 2017

Please find the attached above-mentioned Directive for kind information and necessary action (if any).

Thanking you.

Ripan Kumar Debnath
Director

Copy to (Not as per seniority):

- All Commissioners, Bangladesh Securities and Exchange Commission
- All Departmental Heads, Bangladesh Securities and Exchange Commission
- Managing Director, Dhaka Stock Exchange Ltd.
- Managing Director, Chittagong Stock Exchange Ltd.
- Chief Executive Officer, Central Depository Bangladesh Ltd.
- President, Bangladesh Association of Publicly Listed Companies
- President, Bangladesh Merchant Bankers Association
- President, Association of Asset Management Companies and Mutual Funds
- Chairman's office, Bangladesh Securities and Exchange Commission

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭, বাংলাদেশ।

নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ ২৮ ডিসেম্বর ২০১৭

## নির্দেশনা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগকারীদের স্বার্থে, Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- তে প্রদত্ত ক্ষমতা বলে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করিলঃ

কমিশনের নির্দেশনা নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯৬ তারিখ ২৮ ডিসেম্বর ২০১৬ এর মাধ্যমে প্রদত্ত স্টক ডিলার হিসাব, স্টক ব্রোকার এর মার্জিন হিসাব ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংক্রান্ত ঐচ্ছিক সুবিধার মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বর্ধিত করা হইল, যার অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে কমিশনে দাখিল করিতে হইবে।

উল্লেখ্য যে, ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখের উক্ত নির্দেশনার আলোকে যে সমস্ত বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান প্রভিশন (Provision) সংরক্ষণ সংক্রান্ত কার্যাদি এখনও সম্পন্ন করেনি তাদেরকে উল্লিখিত সময়ের মধ্যে প্রভিশন (Provision) সংরক্ষণ সম্পন্ন করিতে হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯৬      ২৮ ডিসেম্বর ২০১৬

## নির্দেশনা

স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা-

(১) স্টক ব্রোকার/স্টক ডিলার

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- তে প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, স্টক ব্রোকার/স্টক ডিলার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করিলঃ

ক) স্টক ডিলারদের, ডিলার হিসাবে (Dealer Account) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৬ইং হইতে ডিসেম্বর ২০১৭ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল; এবং

খ) স্টক ব্রোকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৬ইং হইতে ডিসেম্বর ২০১৭ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হইবে। একইসাথে ২০১৬ইং সালের মূল্য হ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হইবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য যে, উপরিউক্ত সুযোগসমূহ গ্রহণ করিবার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাইবে না।

(২) মার্চেন্ট ব্যাংকার

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A- তে প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করিলঃ

ক) মার্চেন্ট ব্যাংকার সমূহ (যাহার জন্য প্রযোজ্য) নিজস্ব পোর্টফোলিওতে (Own Portfolio) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৬ইং হইতে ডিসেম্বর ২০১৭ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল; এবং

খ) মার্চেন্ট ব্যাংকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঋণের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) ডিসেম্বর ২০১৬ইং হইতে ডিসেম্বর ২০১৭ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হইল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রভিশনের জন্য প্রযোজ্য হইবে। একইসাথে ২০১৬ইং সালের মূল্যহ্রাসজনিত ক্ষতিও এর মধ্যে অন্তর্ভুক্ত হইবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রভিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য যে, উপরিউক্ত সুযোগসমূহ গ্রহণ করিবার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাইবে না।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান।


ফোন (পিএবিএক্স): +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স: +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল: secbd@bdmail.net, ওয়েব: www.secbd.org, www.sec.gov.bd